# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
# Bangladesh Medical University
শাহবাগ, ঢাকা-১০০০।

স্মারক নং-বিএমইউ/২০২৫/ ৭৮৭৬ | তারিখ: ১৩/০৫/২০২৫খ্রি:

## বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয় একটি প্রাণবন্ত চিন্তাধারা ও সৃজনশীলতার কেন্দ্র। কেবল পাঠদানের মাধ্যমে নয়, বরং প্রতিটি সদস্যের অন্তর্নিহিত মেধা, দৃষ্টিভঙ্গি ও অভিজ্ঞতার প্রকাশই একটি শিক্ষা প্রতিষ্ঠানের সত্যিকারের চালিকাশক্তি। এই উপলব্ধিকে সামনে রেখে বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেল-এর উদ্যোগে একটি ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

প্রতিযোগিতাটির নামকরণ করা হয়েছে - **"চোখের পেছনের গল্প: বিএমইউ ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি প্রতিযোগিতা-২০২৫"**

এই প্রতিযোগিতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, শিক্ষার্থী, কর্মকর্তা, নার্স ও কর্মচারীদের সৃজনশীল দৃষ্টিভঙ্গি, নান্দনিক উপলব্ধি তুলে ধরার এক অভিনব মঞ্চ হিসেবে কাজ করবে। ক্যামেরার লেন্সের মাধ্যমে মুহূর্তকে ধারণ করে তারা প্রকাশ করতে পারবেন তাদের দেখা-অদেখা বাস্তবতা, অনুভবের অভিব্যক্তি এবং নিরব অথচ বর্ণময় গল্পগুলো।

"চোখের পেছনের গল্প" প্রতিযোগিতার মাধ্যমে বিশ্ববিদ্যালয়-পরিমণ্ডলের বহুমাত্রিক অভিজ্ঞতা, মানবিক মূল্যবোধ এবং স্বাস্থ্যসেবার নিরন্তর প্রয়াস চিত্রিত হবে এক নতুন দৃষ্টিকোণ থেকে যেখানে ছবি ও ভিডিও হবে অভিব্যক্তি প্রকাশের মাধ্যম।

আইসিটি সেল প্রতিযোগিতাটির সার্বিক তত্ত্বাবধান ও বাস্তবায়নের দায়িত্বে থাকবে। প্রতিযোগিদের ১৭/০৫/২০২৫ইং থেকে ২৪/০৫/২০২৫ইং তারিখের মধ্যে ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি **bmuphotography@bsmmu.edu.bd** ইমেইলে প্রেরণের জন্য আন্তরিকভাবে আহ্বান জানানো যাচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ, বিভাগ ও প্রশাসনিক শাখাকে নিজ নিজ পরিসরে এই আয়োজনটি প্রচার ও উৎসাহদানের অনুরোধ জানানো হলো, যাতে করে আমরা আমাদের নিজস্ব পরিমণ্ডলের গল্পগুলোকে আলোর মুখে আনতে পারি ক্যামেরা ও লেন্সের মাধ্যমে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

13.05.25

অধ্যাপক ডা. মো: নজরুল ইসলাম
রেজিস্ট্রার

স্মারক নং-বিএমইউ/২০২৫/ ৭৮৭৬ | তারিখ: ১৩/০৫/২০২৫খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. সকল অনুষদের ডীন, বিএমইউ, ঢাকা।
২. সকল বিভাগীয় চেয়ারম্যান/ ডিভিশন প্রধান, বিএমইউ, ঢাকা (বিভাগের সম্মানিত শিক্ষকবৃন্দ সহ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল)।
৩. অধ্যাপক ইমেরিটাস, বিএমইউ, ঢাকা।
৪. প্রক্টর/ প্রভোস্ট/ পরীক্ষা নিয়ন্ত্রক/ গ্রন্থাগারিক/ পরিচালক (হাস:)/ পরিচালক (সুপার স্পেশালাইজড হাসপাতাল)/ পরিচালক (পরিদর্শন)/ পরিচালক (অর্থ ও হিসাব)/ পরিচালক (পরিঃ ও উন্নঃ)/ ইনচার্জ(এইচআরএম)/ প্রধান প্রকৌশলী/ পরিচালক (ইপনা), বিএমইউ, ঢাকা।
৫. পরিচালক (আইসিটি সেল), বিএমইউ, ঢাকা।
৬. সভাপতি/ সেক্রেটারী, কেন্দ্রীয় জামে মসজিদ পরিচালনা কমিটি, বিএমইউ, ঢাকা।
৭. সকল শিক্ষক/ আর.পি/ আর.এস, বিএমইউ, ঢাকা।
৮. সকল অতিরিক্ত রেজিস্ট্রার/ অতিরিক্ত পরিচালক (হাসপাতাল)/ অতিরিক্ত পরিচালক (অর্থ, হিসাব ও অডিট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ অতিরিক্ত পরিচালক (পরিদর্শন)/ অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক, বিএমইউ, ঢাকা।
৯. সকল উপ-রেজিস্ট্রার/ উপ-পরিচালক (হাসপাতাল)/ উপ-পরিচালক (পরিদর্শন)/ উপ-গ্রন্থাগারিক/ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/ উপ-পরিচালক (অর্থ ও হিসাব)/ উপ-পরিচালক (পরিঃ ও উন্নঃ)/ নির্বাহী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ), বিএমইউ, ঢাকা।
১০. সকল চিকিৎসক/কর্মকর্তা/কর্মচারী, বিএমইউ, ঢাকা।
১১. ম্যানেজার, পূবালী ব্যাংক লিঃ, শাহবাগ এভিনিউ শাখা, ঢাকা/সমাজ কল্যাণ অফিসার, বিএমইউ, ঢাকা।
১২. একান্ত সচিব-০১ ও ০২, উপাচার্য মহোদয়, বিএমইউ, ঢাকা।
১৩. একান্ত সচিব, উপ-উপাচার্য (একাডেমিক)/ (প্রশাসন)/ (গবেষণা ও উন্নয়ন)/ কোষাধ্যক্ষ, বিএমইউ, ঢাকা।
১৪. সেবা তত্ত্বাবধায়ক, বিএমইউ, ঢাকা।
১৫. সেকশন অফিসার (জনসংযোগ)/ সেকশন অফিসার(পরিবহন), বিএমইউ, ঢাকা।
১৬. বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট: www.bmu.ac.bd
১৭. সকল নোটিশ বোর্ড।

13.05.25

রেজিস্ট্রার

# বিএমইউ ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি প্রতিযোগিতা-২০২৫
# শিরোনামঃ চোখের পেছনের গল্প

## প্রতিযোগিতার নিয়মাবলী-

প্রতিযোগিতার সময়সীমা:
- শুরু: ১৭ মে ২০২৫
- শেষ: ২৪ মে ২০২৫, রাত ১২:০০টা

অংশগ্রহণের যোগ্যতা:
- শুধুমাত্র বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, শিক্ষার্থী, কর্মকর্তা, নার্স ও কর্মচারীগণ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

প্রতিযোগিতার বিভাগ:
- ফটোগ্রাফি
- ভিডিওগ্রাফি

প্রতিযোগিতার বিষয়বস্তু:

ফটোগ্রাফি:

প্রতিটি ছবি নিম্নলিখিত ৪টি বিষয়বস্তুর সাথে সম্পর্কিত হতে হবে:

- ক্যাম্পাস ও অবকাঠামো:
  উদাহরণ: বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য, ল্যাব, হাসপাতাল, লাইব্রেরি, হল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানের ছবি।
- গবেষণা ও উদ্ভাবন:
  উদাহরণ: ল্যাবে গবেষণার মুহূর্ত, বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা, নতুন প্রযুক্তি এবং চিকিৎসা বিজ্ঞানের অগ্রগতি সংক্রান্ত বিভিন্ন সেমিনার/সভার ছবি।
- পাঠদান ও শেখার মুহূর্ত:
  উদাহরণ: ক্লাসরুমে বা হাসপাতালে শিক্ষাদান, ব্যবহারিক ক্লাস, শিক্ষার্থীদের গ্রুপ স্টাডি, মেন্টরশিপ এবং হাতে-কলমে প্রশিক্ষণের ছবি।
- চিকিৎসা সেবা:
  উদাহরণ: হাসপাতালের ইনডোর, আউটডোর এবং জরুরী বিভাগে আগত রোগীদের চিকিৎসা সেবা গ্রহণ ও চিকিৎসকদের সেবাদানের মুহূর্ত।

ভিডিওগ্রাফি:

- শিক্ষা, সেবা ও গবেষণার গল্প
  উদাহরণ: ভিডিওগ্রাফিতে বিশ্ববিদ্যালয়ের বিভাগীয়/কার্যালয়ের কার্যক্রম, শিক্ষাদান, গবেষণা ও চিকিৎসাসেবার এবং বিভিন্ন স্থাপত্যসমূহের বাস্তব ও গতিশীল মুহূর্ত ধারণ করতে হবে।

ফটোগ্রাফি/ভিডিওগ্রাফি জমার নিয়মাবলি:

- প্রতিযোগীকে নিজস্ব তোলা মূল ফটোগ্রাফি/ভিডিওগ্রাফি জমা দিতে হবে।
- AI-জনিত পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
- প্রতিযোগী বিষয়বস্তু অনুযায়ী সর্বোচ্চ ৪টি ফটোগ্রাফি (একটি বিষয়বস্তু অনুযায়ী একটি) এবং সর্বোচ্চ ১টি ভিডিওগ্রাফি জমা দিতে পারবেন।
- ফটোগ্রাফের রেজোলিউশন: ৩,০০০ পিক্সেল এবং ফরম্যাট JPEG/JPG/PNG।
- ভিডিওগ্রাফির সময়সীমা: সর্বোচ্চ তিন (০৩) মিনিট।
- ভিডিওগ্রাফির আকার: ১০৮০ X ১৯২০ পিক্সেল (ল্যান্ডস্কেপ মোডে শুট করতে হবে )।
- ভিডিওগ্রাফির MP4, MOV অথবা AVI ফরম্যাটে জমা দিতে হবে।
- ফটোগ্রাফি/ভিডিওগ্রাফি জমা দেওয়ার ইমেইল: bmuphotography@bsmmu.edu.bd
- ইমেইলের বিষয়বস্তুতে নিম্নোক্ত তথ্য অবশ্যই উল্লেখ করতে হবে:
  - পিডিএস আইডি (শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স ও কর্মচারীদের জন্য) এবং ই-রেজিস্ট্রেশন নম্বর (শিক্ষার্থীদের জন্য)
  - পুরো নাম (পিডিএস/ই-রেজিস্ট্রেশন অনুযায়ী)
  - বিভাগ, কোর্সে ভর্তির বছর (শিক্ষার্থীদের জন্য)
  - যোগাযোগের তথ্য (ই-মেইল ও মোবাইল নম্বর)
  - ফটোগ্রাফি/ভিডিওগ্রাফির বিষয়বস্তু ও শিরোনাম

পুরস্কার (ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফির জন্য আলাদা):
- প্রথম পুরস্কার: ১০,০০০/- (দশ হাজার টাকা)
- দ্বিতীয় পুরস্কার: ৭,০০০/- (সাত হাজার টাকা)
- তৃতীয় পুরস্কার: ৫,০০০/- (পাঁচ হাজার টাকা)

প্রথম দশজন বিজয়ীকে সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদান করা হবে।

বিচার প্রক্রিয়া:
- বিশ্ববিদ্যালয় কর্তৃক নিযুক্ত বিচারক প্যানেল ছবি নির্বাচন করবেন।
- বিজয়ীদের মে-জুন ২০২৫-এর মধ্যে অবহিত করা হবে।

গুরুত্বপূর্ণ নির্দেশনা:
- কপিরাইট লঙ্ঘন করলে উক্ত ফটোগ্রাফ ও ভিডিওগ্রাফ বাতিল বলে গন্য হবে।
- জমা দেওয়া ছবির স্বত্ব বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রচারণামূলক কাজে ব্যবহারের অধিকার সংরক্ষিত।

সকল শিক্ষক, চিকিৎসক, শিক্ষার্থী, কর্মকর্তা, নার্স ও কর্মচারীদের এই প্রতিযোগিতায় সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা করার জন্য অনুরোধ করা হ'ল।